




# দৈনিক খোঁজ খবর

কলকাতা থেকে প্রকাশিত দৈনিক বাংলা ই- পেপার

https://khonjkhobor.in

খবরের মাঝে খবরের খোঁজে







Volume - 1 • Issue - 14 • Date : 14th Jun 2025 • বর্ষ - ১ • সংখ্যা - ১৪ • তারিখ - ৩০ জ্যৈষ্ঠ • কলকাতা থেকে প্রকাশিত

## একুশে জুলাইয়ের প্রস্তুতিতে ঝাঁপাল তৃণমূল! শহিদ দিবসেই শুরু হবে ভোটযুদ্ধের সুর

খোঁজখবর, কৃষ্ণ সাহা, কলকাতা : সোমবার থেকে শুরু হয়েছে রাজ্য বিধানসভার বাদল অধিবেশন। তবে তার মাঝেই ২১ জুলাই শহিদ দিবস ঘিরে রাজনৈতিক উত্তাপ ছড়াতে শুরু করেছে রাজ্য রাজনীতি। আগামী বছরের বিধানসভা নির্বাচনকে সামনে রেখে তৃণমূল কংগ্রেস ইতিমধ্যেই প্রস্তুতি শুরু করে দিয়েছে।

তৃণমূলের অন্দরে স্পষ্ট বার্তা— এবারের একুশে জুলাই শুধুমাত্র স্মরণসভা নয়, বরং সেখান থেকেই শুরু হবে আগামী নির্বাচনের লড়াই। ভোট যুদ্ধের ঢাকে কাঠি পড়বে শহিদ দিবসের মঞ্চ থেকেই। দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবার শহিদ দিবসের বক্তৃতা থেকেই রাজ্যজুড়ে রাজনৈতিক বার্তা ছড়িয়ে দিতে চলেছেন, এমনই ইঙ্গিত মিলছে তৃণমূল শিবির থেকে।

তৃণমূল সূত্রে খবর, শহিদ দিবস ঘিরে জেলা স্তরে সভা-সমাবেশের প্রস্তুতি যেমন শুরু হয়েছে, তেমনই




১৪ জুন থেকে শুরু হতে চলেছে কেন্দ্রীয় স্তরের পরিকল্পনা। আগামীকাল ভবানীপুরে তৃণমূলের কেন্দ্রীয় কার্যালয়ে বসছে এক বড়সড় বৈঠক। সেই বৈঠকে উপস্থিত থাকতে বলা হয়েছে রাজ্যের সমস্ত জেলা সভাপতি, জেলা চেয়ারম্যান এবং কলকাতা উত্তর ও বীরভূম জেলার কোর কমিটির সদস্যদের।

বিশেষ করে বীরভূম ও কলকাতা উত্তর— এই দুটি জেলাকে আলাদা গুরুত্ব দিয়ে দেখছে তৃণমূলের শীর্ষ নেতৃত্ব। বৈঠকে শহিদ দিবসের দিন রাজ্যের কোন কোন অংশে কোন নেতা কোথায় থাকবেন, কোথায় সভা হবে, কী বার্তা দেওয়া হবে— সেইসব বিষয়ে বিস্তারিত পরিকল্পনা করা হবে।

এক তৃণমূল শীর্ষ নেতার কথায়, "কয়েকদিন আগেই একুশে জুলাই নিয়ে একটি প্রস্তুতি বৈঠক হয়েছে। এবার ১৪ জুন একটি বড় বৈঠকের ডাক দেওয়া হয়েছে। সেখান থেকেই শহিদ দিবস পালনের খুঁটিনাটি নির্ধারণ করা হবে।"

এছাড়াও ছাত্র ও যুব সংগঠনগুলিকে একযোগে মাঠে নামার নির্দেশ দেওয়া হয়েছে। একুশে জুলাই ঘিরে তরুণ প্রজন্মের সক্রিয়তা বাড়াতে চাইছে দল। নির্বাচনের প্রেক্ষাপটে এই বছরের শহিদ দিবস হবে আরও বেশি লক্ষ্যভিত্তিক, আগ্রাসী এবং জনমত তৈরির মঞ্চ— এমনটাই মনে করছেন রাজনৈতিক মহল।

সব মিলিয়ে, একুশে জুলাইকে সামনে রেখেই ধাপে ধাপে নির্বাচনী রণনীতি সাজাতে শুরু করল তৃণমূল কংগ্রেস।

## অহমেদাবাদ বিমান দুর্ঘটনার শোকের মাঝে উঠে এল হ্যান্সি ক্রোনিয়ের মৃত্যুর স্মৃতি



খোঁজখবর ঃ রাতের আহমেদাবাদে ভয়াবহ বিমান দুর্ঘটনায় গোটা দেশ শোকস্তব্ধ। লন্ডনগামী বিমানটি ওড়ার কিছুক্ষণের মধ্যেই যান্ত্রিক ত্রুটির কারণে ভেঙে পড়ে। বিমানে মোট ২৪২ জন যাত্রী ছিলেন, সূত্রের খবর অনুযায়ী, একজন ছাড়া সকলেই প্রাণ হারিয়েছেন। এই দুর্ঘটনা ভারতের ইতিহাসে নিঃসন্দেহে একটি 'কালো অধ্যায়' হিসেবে থেকে যাবে।

এই মর্মান্তিক দুর্ঘটনা স্মরণ করিয়ে দিচ্ছে আরও একটি ভয়ঙ্কর বিমান বিপর্যয়ের কথা—যা কেড়ে নিয়েছিল দক্ষিণ আফ্রিকার এক-time সফলতম ক্রিকেট অধিনায়ক হ্যান্সি ক্রোনিয়ের (Hansie Cronje) প্রাণ। শুধু দক্ষ অধিনায়কই নন, এক সময় প্রোটিয়া ক্রিকেটের অন্যতম ভরসা ছিলেন তিনি। এর পর তিন পাতায়

## বিয়ের আগে সব শেষ! আহমেদাবাদ বিমান দুর্ঘটনায় প্রাণ গেল কেবিন ক্রু রোশনির

খোঁজখবর, আহমেদাবাদ চলতি বছরেই ছিল বিয়ের পরিকল্পনা। প্রস্তুতিও চলছিল জোর কদমে। কিন্তু বছর শেষ হওয়ার আগেই নিভে গেল ২৭ বছরের রোশনি রাজেন্দ্র জীবনপ্রদীপ। বৃহস্পতিবার আহমেদাবাদে ভয়াবহ বিমান দুর্ঘটনায় মৃত্যু হয়েছে এয়ার ইন্ডিয়ার কেবিন ক্রু রোশনি রাজেন্দ্র। শোকের ছায়া নেমে এসেছে তাঁর পরিবার, আত্মীয়স্বজন ও ডোম্বিভিলির প্রতিবেশীদের মধ্যে।



রোশনির বাড়ি ছিল ডোম্বিভিলির রাজাজি পথের মাধবী বাংলো এলাকায়। বাবা, মা ও দাদাকে নিয়ে তাঁর পরিবার। আগে মুম্বইয়ে থাকতেন, তবে প্রায় দুই বছর আগে ডোম্বিভিলিতে চলে আসেন তাঁরা। ছোটবেলা থেকেই বিমান সেবিকা হওয়ার স্বপ্ন দেখতেন রোশনি। সেই স্বপ্নপূরণ হয়েছিল স্পাইস জেট-এ প্রথম চাকরি পেয়ে। সেখানে দুই বছর কাজ করার পরে সুযোগ পান এয়ার ইন্ডিয়ায়।


শুধু কেবিন ক্রু হিসেবেই নয়, রোশনি ছিলেন একজন জনপ্রিয় ট্রাভেল ইনফ্লুয়েন্সারও। ইনস্টাগ্রামে তাঁর ফলোয়ার্স সংখ্যা ছিল প্রায় ৫৪ হাজার। কর্মজগৎ থেকে সোশ্যাল মিডিয়া—সব ক্ষেত্রেই ছিল তাঁর উজ্জ্বল উপস্থিতি। কিন্তু ১২ জুনের সেই মর্মান্তিক দুর্ঘটনা এক মুহূর্তেই সব কিছু শেষ করে দেয়।

পরিবার সূত্রে জানা গিয়েছে, দুর্ঘটনার খবর পেয়ে রোশনির বাবা ও দাদা ইতিমধ্যেই আহমেদাবাদে পৌঁছেছেন। ডোম্বিভিলির প্রতিবেশীদের কথায়, দিন দুয়েক আগেই রোশনি ডোম্বিভিলিতে এসে ঘুরে গিয়েছিলেন। কুলদেবতার মন্দিরে পুজোও দিয়েছিলেন। জীবনকে নতুনভাবে শুরু করার পরিকল্পনা ছিল তাঁর।

কিন্তু সেই নতুন অধ্যায় আর শুরু হল না। মাত্র ৩০ সেকেন্ডেই সব স্বপ্ন চূর্ণবিচূর্ণ হয়ে গেল। ২৭ বছরের এক তরুণীর রঙিন জীবনের পর্দা পড়ে গেল অকালে।

## মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে কুরুচিকরপূর্ণ পোস্ট সমাজ মাধ্যমে, মামলা আইনজীবীর

হুগলি: মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে সমাজ মাধ্যমে কুরুচিপূর্ণ পোস্ট করায় এক ব্যাক্তির বিরুদ্ধে মানহানির মামলা করলেন হুগলি জেলা পাবলিক প্রসিকিউটার শঙ্কর গাঙ্গুলী।



শঙ্কর গাঙ্গুলী এতদিন অন্যের করা মামলায় আদালতে সওয়াল করেছেন।এখনো পর্যন্ত চার জনের ফাঁসির সাজা এবং অসংখ্য যাবজ্জীবন সাজা হয়েছে তাঁর সওয়াল এর মধ্য দিয়ে। এবার নিজেই কারো বিরুদ্ধে মামলা করলেন এবং সেই মামলার সওয়ালও করলেন তিনি নিজেই। শঙ্কর বাবু জানান,মুখ্যমন্ত্রীকে কুরুচিকর ভাষায় আক্রমন করেছেন, একাধিক বার ফেসবুকে কদর্য ভাষা ব্যবহার করে পোস্ট করেছেন চুঁচুড়ার কোদালিয়া ১নং গ্রাম পঞ্চায়েতের লাইব্রেরী রোডের বাসিন্দা ভূপাল ঘোষ। ভারতীয় ন্যায় সংহিতার আইন অনুযায়ী দেশের রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, রাজ্যপাল, মুখ্যমন্ত্রী বা কোনো মন্ত্রীর মানহানি করলে সংশ্লিষ্ট জেলার পাবলিক প্রসিকিউটর মামলা করতে পারেন।সেই মত সরকারি অনুমতি নিয়ে অভিযুক্তের বিরুদ্ধে হুগলি জেলা জজ কোর্টে গত ৫ ই জুন মামলা দায়ের করেন পি পি শঙ্কর গাঙ্গুলী।শুক্রবার ছিল সেই মামলার শুনানি।

পিপি বলেন,বিএনএস এর ২২২ মতে মামলা করি। ৩৫৬/৪ ধারায় মামলা হয় অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে।মুখ্যমন্ত্রীর মানহানি করা হয়েছে অত্যন্ত কুরুচিকর ভাষায় এবং সেটা ফেসবুকের মতো সমাজ মাধ্যমে ছড়িয়ে এর পর তিন পাতায়

## চুরির অপবাদ দিয়ে এক বালককে মারধরের ঘটনায় এক তৃণমূল নেতাকে গ্রেফতার করলো পুলিশ

কুন্তল চট্টোপাধ্যায়, আউশগ্রাম,১৩ জুন - চুরির অপবাদ দিয়ে এক বালককে মারধরের ঘটনায় এক তৃণমূল নেতাকে গ্রেফতার করলো পুলিশ। বুধবার দুপুরে পূর্ব বর্ধমানের আউশগ্রামের পোগ্রামে বছর দশেকের এক বালককে গাছে বেঁধে মারধরের অভিযোগ উঠে স্থানীয় তৃণমূল কংগ্রেস নেতা তথা ব্যবসায়ী সুব্রত গঙ্গোপাধ্যায়ের বিরুদ্ধে।এই ঘটনার পরে সন্ধ্যায় গ্রামের শিবতলায় সভা ডেকে গ্রামবাসীর একাংশের উপস্থিতিতে ওই বালককে হাজির করানো হয় বলেও অভিযোগ।বৃহস্পতিবার বননবগ্রাম ব্লক স্বাস্থ্যকেন্দ্রে ওই নাবালকের চিকিৎসা হয়। পরে সুব্রত গঙ্গোপাধ্যায় নামে ওই তৃণমূল নেতা তথা ব্যবসায়ীর বিরুদ্ধে আউশগ্রাম থানায় লিখিত অভিযোগ করেন বালকের মা। জানা গিয়েছে, ওই নাবালক পঞ্চম শ্রেণির ছাত্র। তার বাবা চেন্নাইয়ে রাজমিস্ত্রির জোগাড়ের কাজ করেন। তার মায়ের অভিযোগ, "দোকানে ঢুকে চুরি করেছে সন্দেহে আমার ছেলেকে ওরা কদমগাছে বেঁধে বাঁশ দিয়ে বেধড়ক মেরেছে। এর পর তিন পাতায়

**তৃনমূল নেতার দাদাগিরি**

# বেআইনি অটো বন্ধের বিরুদ্ধে বাসন্তী রাস্তা অবরোধ করে বিক্ষোভ



খোঁজখবর, উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়,বাসন্তী : দিনের পর দিন সুন্দরবনের বাসন্তীর বিভিন্ন রুটে বেআইনি ভাবে অটো চলাচল করেছে। এর ফলে যারা দীর্ঘদিন ধরে এই রুটে অটো চালান তাঁরা ক্ষতির সম্মুখীন হচ্ছেন। স্থানীয় শাসক দলের নেতারা মোটা টাকার বিনিময়ে এই নতুন অটো গুলিকে চলাচলের অনুমতি দিচ্ছেন অবৈধ ভাবে।যার ফলে ক্ষতিগ্রস্থ হচ্ছেন এই রুটের সাধারণ অটো চালকরা। আর তাই এই বেআইনি অটো চলাচলের বিরুদ্ধে সরব হয়েছেন তাঁরা। শুক্রবার সকাল থেকে বাসন্তী রাজ্য সড়কের পাল বাড়ি মোড় অবরোধ করে বিক্ষোভ দেখান তাঁরা। অবিলম্বে এই বেআইনি অটো বন্ধের দাবি জানিয়েছেন বিক্ষোভকারীরা।আর এই বিক্ষোভের জেরে এই রুটে যান চলাচল বন্ধ হয়ে পড়ে।

# খুঁটি পুজোর মধ্যে দিয়ে দূর্গাপুজোর সূচনা মানিকপুরে



খোঁজ খবর, উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, সোনারপুর : হাতে মাত্র একশোটি দিন বাকি। আর তার পরেই বাঙালির সেরা উৎসব দূর্গাপুজো। মা দূর্গা আসবে আমাদের কাছে।আর এখন থেকে শুরু হয়ে গেল ঢাকি কাটি পড়া।বুধবার জগন্নাথ দেবের স্নান যাত্রায়,রাজপুর সোনারপুর পৌরসভার ২৩ নং ওয়ার্ডের মানিকপুর সর্বজনীন দুর্গোৎসবের সূচনা হয়ে গেল খুটি পুজোর মধ্যে দিয়ে।এদিন এই পুজোয় উপস্থিত ছিলেন নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের বলরাম মহারাজজী, অভিনেত্রী দেবশ্রী ভট্টাচার্য, অভিনেতা অর্ক পাল, পৌরপিতা রাজীব পুরোহিত, প্রাক্তন পৌরপিতা সৌমেন মোহন ঘোষাল,পুজো কমিটির সদস্য অরিজিৎ সরকার সহ আরো অনেকে।এদিন এব্যাপারে পুজো কমিটির সদস্য অরিজিত সরকার বলেন,এবার এই পুজো ৩৩ তম বর্ষের পুজো।এবারে থিমের চমকের পাশাপাশি জেলার একাধিক পুজোর সাথে টক্কর দেবে মানিকপুর।এবারে এই পুজোর প্রতিমা শিল্পী পরিমল পাল,মন্ডপ ভাবনায় সন্তু কয়াল,আলোক সজ্জায় সজল মন্ডল।আর কি চমক তুলে দেবে মানিকপুর সর্বজনীন দুর্গোৎসব কমিটি সেটাই দেখার।

# উলুবেড়িয়া-১ ব্লকে বাল্যবিবাহ রুখল প্রশাসন

খোঁজখবর, : আবারও বাল্যবিবাহ রুখল ব্লক প্রশাসন।

উলুবেড়িয়া-১ ব্লক প্রশাসনের সক্রিয় হস্তক্ষেপে একটি নির্ধারিত বাল্যবিবাহ বন্ধ করা সম্ভব হয়েছে। জানা গেছে,উলুবেড়িয়া-১ ব্লকের হাটগাছা অঞ্চলের ১৬ বছরের এক কিশোরীর বিয়ে চলতি মাসের ১৬ তারিখ হওয়ার কথা ছিল।ওই ছাত্রী নবম শ্রেণির ছাত্রী।

উক্ত কিশোরীর সঙ্গে বিবাহের জন্য যিনি মনোনীত হয়েছিলেন বাগনান থানার বাইনান এলাকার ৪২ বছরের এক মাঝবয়সীর সঙ্গে।জেলা প্রশাসন সূত্রে খবর পেয়ে অবিলম্বে শিশু বিকাশ দপ্তরের সহকারী কর্মকর্তা সমিত ঘোষ, তদারকি কর্মী (Supervisor) বন্দিতা শোম এবং অঙ্গনওয়াড়ী কর্মী অপরণা বাগ কিশোরীর বাড়িতে উপস্থিত হয়ে তাঁর ও তাঁর মায়ের সঙ্গে আলোচনা করেন।ওই কিশোরীর মা জানান, তিনিও এবং তাঁর স্বামীও এই বিয়েতে সম্মত নন। তবে কিশোরী নিজে ও পাত্রপক্ষ এই বিয়ের জন্য চাপ দিচ্ছিল।প্রশাসনের পক্ষ থেকে কিশোরীকে উপযুক্তভাবে কাউন্সেলিং করে বোঝানো হয় যে, এই বয়সে বিয়ে করা তার ভবিষ্যতের জন্য কতটা ক্ষতিকর হতে পারে। একই সঙ্গে কিশোরীর মায়ের কাছ থেকে লিখিত মুচলেকা নেওয়া হয় যে, ১৮ বছর পূর্ণ হওয়ার আগে তারা মেয়ের বিয়ে দেবে না। এ প্রসঙ্গে উলুবেড়িয়া-১ ব্লকের বিডিও এইচ এম রিয়াজুল হক জানিয়েছেন,"বাল্যবিবাহ প্রতিরোধ এবং কন্যা শিশুর অধিকার রক্ষায় তারা আগামীতেও কঠোর পদক্ষেপ গ্রহণ করতে বদ্ধপরিকর"।

# আগাছায় পরিপূর্ণ বেহাল স্বাস্থ্যকেন্দ্র সুন্দরবনের মৈপীঠ উপকূলে

খোঁজ খবর, উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, কুলতলি : বেহাল অবস্থায় সুন্দরবনের প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র।নজর নেই প্রশাসনের।এখনো বর্ষার বৃষ্টি শুরু হয়নি অথচ স্বাস্থ্য কেন্দ্রের চারপাশে আগাছায় পরিপূর্ণ, বাড়ছে সাপের উপদ্রব।রাজ্যের সরকার যেখানে উন্নত স্বাস্থ্য পরিষেবার দিকে নজর দিচ্ছে সেখানে বেহাল অবস্থায় দিনের পর দিন চলে আসছে সুন্দরবনের কুলতলির ভুবনেশ্বরী প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রটি।বাম আমলে নির্মিত ১১ শয্যা বিশিষ্ট প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র হলে ও এই মুহূর্তে সেখান থেকে প্রাথমিক চিকিৎসা নিতে ভয় পাচ্ছেন স্থানীয় বাসিন্দারা।এই স্বাস্থ্য কেন্দ্রের চারিদিকে গাছ গাছালি লতা পাতায় ভরা।যে কোন সময় কীটপতঙ্গের আক্রমণও হতে পারে।আছে এখানে বিষাক্ত সাপের উপদ্রব।আর তাই এই প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে যেতে ভয় পাচ্ছে রোগী ও তার পরিজনেরা। সুন্দরবনের মৈপীঠ উপকূল থানার মৈপীঠ বৈকুণ্ঠপুর ও গুড়গুড়িয়া ভুবনেশ্বরী পঞ্চায়েতের কয়েক হাজার মানুষ প্রাথমিক চিকিৎসার জন্য





এই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ওপর নির্ভরশীল।এখানকার নদী তীরবর্তী এলাকার মানুষ মূলত মৎস্যজীবি।এরা জঙ্গলে মধু সংগ্রহ করে, নদীতে মাছ কাঁকড়া ধরে জীবিকা নির্বাহ করে। মাছ কাঁকড়া কিংবা জঙ্গলের মধু সংগ্রহ করতে গিয়ে কোন মৎস্যজীবী বাঘের কবলে পড়লে তাদের তো আর রক্ষে নেই। দীর্ঘ ৩২ কিলোমিটার পথ পার করে তাদের জয়নগর কুলতলি গ্রামীণ হাসপাতালে গিয়ে চিকিৎসা নিতে হয়।এই দীর্ঘ সময় লাগার কারণে অধিক রক্তক্ষরণে অনেক সময় ওই সমস্ত রোগী পথে মারা ও যায়।স্থানীয় মানুষজন বলেন, কয়েক কোটি টাকা ব্যয় করে এই গ্রামীন স্বাস্থ্য কেন্দ্রটি নির্মিত হয়েছিল আর আজ তা শুধুমাত্র রক্ষণাবেক্ষণার অভাবে নস্ট হয়ে যাচ্ছে। ঠিকমতো পরিষেবা পাচ্ছে না এলাকার মানুষ।এব্যাপারে স্থানীয় গ্রাম পঞ্চায়েতের প্রধান জয়দেব প্রধান বাবলু বলেন,গত শীতে পঞ্চায়েতের সামান্য কিছু ফান্ডে আমরা কিছুটা পরিষ্কারের কাজ করেছি।জয়নগর কুলতলি ব্লক হাসপাতাল থেকে কিছুটা সহায়তা পেলে কাজটা সম্পূর্ণ করা যেত।আমরা চাই এই গ্রামীন স্বাস্থ্যকেন্দ্রটির বেহাল অবস্থা মুক্ত করতে।আগাছা মুক্ত করতে।তবে এ ব্যাপারে কুলতলি ব্লক স্বাস্থ্য আধিকারিক ডা: অয়স্তিকা মন্ডল বিষয়টি দেখার প্রতিশ্রুতি দেন।তবে এলাকার মানুষ চান দ্রুত আগাছা মুক্ত করে সুষ্ঠ ভাবে স্বাস্থ্য পরিষেবা দিক এই গ্রামীন স্বাস্থ্যকেন্দ্র টি।

# কন্যাকুমারীতে ন্যাশনাল যোগা অলিম্পিয়াডে শ্যামপুরের প্রিয়াঞ্জনা

খোঁজখবর, নিজস্ব সংবাদদাতা,হাওড়া: চলতি বছর অর্থাৎ ২০২৫ ন্যাশানাল যোগা অলিম্পিয়াড ২০২৫ অনুষ্ঠিত হবে কন্যাকুমারীতে। রাজ্যের মহিলা যোগা দলের হয়ে সেই প্রতিযোগিতায় অংশ নিতে যাচ্ছে হাওড়া গ্রামীণ জেলার প্রত্যন্ত অঞ্চলের শ্যামপুরের নাওদা নয়নচন্দ্র বিদ্যাপীঠের দশম শ্রেণির ছাত্রী প্রিয়াঞ্জনা জানা। তামিলনাড়ুর কন্যাকুমারীতে ১৫ থেকে ১৮ জুন পর্যন্ত স্কুলভিত্তিক এই যোগা অলিম্পিয়াড হবে। রাজ্য থেকে পুরুষ ও মহিলা প্রতিযোগীরা তাতে অংশ নেবেন। অনূর্ধ্ব ১৭ মহিলা ট্র্যাডিশনাল যোগা বিভাগে রাজ্য থেকে চারজন অংশ নিচ্ছে। তার মধ্যে রয়েছে হাওড়া জেলার একমাত্র প্রতিনিধি প্রিয়াঞ্জনা। এছাড়াও পশ্চিম মেদিনীপুর থেকে একজন



এবং নদীয়া থেকে দু'জন এই দলে সুযোগ পেয়েছে। গত ৯ এবং ১০ জুন যুবভারতী ক্রীড়াঙ্গনে প্রশিক্ষণের পর বুধবার তারা কন্যাকুমারীর উদ্দেশ্যে রওনা দেয়। জানা গিয়েছে, জানুয়ারি মাসে মহারাষ্ট্রে ন্যাশনাল স্কুল গেমসে যোগা প্রতিযোগিতায় অংশ নিয়ে ব্রোঞ্জ পদক পেয়েছিল প্রিয়াঞ্জনা। এছাড়া বছর দুয়েক আগে থাইল্যান্ডের রাজধানী ব্যাঙ্ককে আন্তর্জাতিক যোগাসন প্রতিযোগিতায় অংশ নিয়ে সে ট্রাডিশনাল ও রিদমিক যোগাসনে সোনা ও আর্টিস্টিক যোগাসনে রুপোর পদক পেয়েছিল। ছাত্রীর এই সাফল্যে খুশি নাওদা নয়নচন্দ্র বিদ্যাপীঠের প্রধান শিক্ষক অরুণাভ বাজানি। এছাড়াও ওই ছাত্রীর জন্য গর্বিত এলাকার সাধারণ মানুষও।

# নামাজ শেষে মানববন্ধন কর্মসূচি



নিজস্ব সংবাদদাতা,উলুবেড়িয়া: অল ইন্ডিয়া মুসলিম পার্সোনাল ল' বোর্ড, পশ্চিমবঙ্গ' এর 'ওয়াকফ বাঁচাও কমিটি'র আয়োজনে শুক্রবার রাজ্যব্যাপী যে মানববন্ধন কর্মসূচি নেওয়া হয়েছিল শুক্রবার হাওড়ার গ্রামীণ জেলার উলুবেড়িয়াতেও সেই কর্মসূচি পালিত হয়।এদিন উলুবেড়িয়ার নীমদিঘীতে কয়েক হাজার ইসলাম ধর্মাবলম্বী মানুষ এই মানববন্ধনে অংশ নেন। প্রায় দু' কিলোমিটার রাস্তা জুড়ে হাতে-হাত ধরে এই কর্মসূচি পালিত হয়।কর্মসূচিতে উপস্থিত ছিলেন নিমদিঘি পশ্চিমপাড়া মসজিদের ইমাম ইলিয়াস মোল্লা, বিলাল পীর মসজিদের ইমাম মশিউর রহমান, নিমদিঘি স্টেশন মসজিদের ইমাম মহম্মদ আহমেদ, নিমদিঘি স্পোর্টিং ক্লাবের সাধারণ সম্পাদক সেখ সাদিক সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ।

# পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের উদ্যোগে, বাঁকুড়া কৃষিজ বিপণ দপ্তর কাজু আপেলের উপর এক প্রশিক্ষণ শিবির



খোঁজখবর ঃ পশ্চিম বঙ্গ রাজ্য সরকারের উদ্যোগে, বাঁকুড়া কৃষিজ বিপণ দপ্তর কাজু আপেলের উপর এক প্রশিক্ষণ শিবিরের আয়োজন করেছে। এই শিবিরে কৃষকদের কাজু আপেলের সংরক্ষণ এবং তার থেকে জ্যাম, স্কোয়াসের মতন প্রক্রিয়াজাত উপাদেয় খাদ্য প্রস্তুতির প্রশিক্ষণ দেওয়া হয়েছে। আপাতদৃষ্টিতে বাজারে কাজু আপেলের বা কাজু বাদামের ফলটির চাহিদা নেই। অধিকাংশ সময় একে Agricultural Waste হিসেবেই গণ্য করা হয়। তবে এই প্রশিক্ষণ শিবিরের থেকে কৃষকরা জানতে পারছেন যে কিভাবে এইরকম একটি চাহিদাহীন ফলকে কিভাবে বিপণনযোগ্য করে তোলা সম্ভব। ভবিষ্যতে এর থেকে বিকল্প উপার্জনের সুযোগ গড়ে ওটার সম্ভবনা রয়েছে। কর্মশালায় কুড়িজন অংশগ্রহণ করেছিল স্বনির্ভর দলের মহিলারাও ছিলেন। কর্মশালাটি সুন্দরভাবে পরিচালনা করলেন। গোল্ড ভিশন কৃষি উৎপাদন সংস্থা আয়োজন করেছিল।

# পেরেক পুঁতে গাছে বিজ্ঞাপন, শ্রী হারাচ্ছে মহিষাদলের রাজগড়




তুহিন শুভ্র আগুয়ান; মহিষাদলঃ ১৯০১ সালে গাছেদেরও প্রাণ আছে এ কথা প্রমাণিত করেছিলেন আচার্য জগদীশচন্দ্র বসু। তা সত্ত্বেও গাছের উপর অত্যাচার যেন লেগেই চলেছে। কোথাও বহুতল নির্মাণের জন্য কাটা হচ্ছে বড় বড় গাছ। আবার কোথাও পেরেক পুঁতে লাগানো হচ্ছে বিজ্ঞাপন। এমন দৃশ্য জায়গায় জায়গায় প্রত্যক্ষ করা যাবে। তাতেই ক্ষুব্ধ হচ্ছেন পরিবেশ প্রেমীরা। পূর্ব মেদিনীপুর জেলার ঐতিহ্যবাহী মহিষাদল রাজবাড়ি। রাজবাড়ির রাজগড় অতি জনপ্রিয় এবং সুপ্রাচীন। রাজগড়ের বহু গাছে রাতের অন্ধকারে লাগানো হচ্ছে পেরেক পুঁতে বড় বড় বিজ্ঞাপন। তাতে যেমন ক্ষতি হচ্ছে গাছের, তেমনই শ্রী হারাচ্ছে শতাব্দী প্রাচীন মহিষাদলের রাজগড়ের সৌন্দর্যও। রাজ হাই স্কুল থেকে রাজগড়ে ঢোকার মুখে পড়বে ১০ থেকে ১২ টি পাম গাছ। সেই গাছগুলির কয়েক মিটার উঁচু থেকে হাতের নাগাল পর্যন্ত বিজ্ঞাপনে পরিপূর্ণ। তাও আবার লাগানো হয়েছে বড় বড় পেরেক পুঁতে। গড়ের ভেতরে প্রবেশ করলে দেখা যাবে একাধিক আম গাছ থেকে শুরু করে বড় বড় গাছে লাগানো হয়েছে একাধিক বিজ্ঞাপন। তাতেই একপ্রকার ক্ষুব্ধ হচ্ছেন পরিবেশ প্রেমীরা। পরিবেশপ্রেমীদের দাবি, গাছে পেরেক পুঁতলে গাছের স্বাস্থ্যে ব্যাপক প্রভাব পড়ে। গাছের কান্ডকে দুর্বল করে দেয়। তাহলে ক্ষত সৃষ্টি হলে তা রোগ সংক্রমণের পথ তৈরি করে। এমনকি সেই ক্ষত ব্যাপক হলে গাছের মৃত্যুও পর্যন্ত হতে পারে। ইতিমধ্যে রাজগড়ের পরিবেশ রক্ষায় স্থানীয়দের তরফ থেকে একটি পোস্টার লাগানো হয়েছে। তাতে লেখা রয়েছে, 'ঐতিহ্য ও গাছ ধ্বংস করে যারা বিজ্ঞাপন লাগিয়েছেন তারা অবিলম্বে খুলে নিয়ে যান। নয়তো পরিবেশ দপ্তরের কাছে আইনি ব্যবস্থার আবেদন জানানো হবে।' পরিবেশপ্রেমী মধুসূদন পড়ুয়া জানান, "দীর্ঘদিন ধরে গাছের ওপর এই অত্যাচার হয়ে আসছে। আমরা আজও সাধারণ মানুষকে বুঝিয়ে উঠতে পারিনি গাছের উপকারিতা কি। কোভিডের পরেও মানুষ গাছের ওপর যে অত্যাচার করে চলেছে তা চরম নিন্দনীয়। এখানে প্রশাসনকে সবার আগে এগিয়ে আসা দরকার।"

উল্লেখ্য, বছরখানেক আগে এই ধরনের বিজ্ঞাপন খুলে দেওয়া হয়েছিল প্রশাসনের তরফ থেকে। এরপরেও ফের বিজ্ঞাপনে মুখ ঢেকেছে রাজগড়ের। যাতে ক্ষুব্ধ রাজবাড়ীর সদস্যরাও। রাজ পরিবারের সদস্য হরপ্রসাদ গর্গ বলেন, "আমাদের মন্দিরসহ চারিদিকে পোস্টারের ছেয়ে ফেলা হয়েছে। আমরা পঞ্চায়েত সমিতির সভাপতি এবং থানাকে জানিয়েছি এগুলো খুলে ফেলার জন্য।"

এ বিষয়ে জেলা বন আধিকারিক অর্ণব সেনগুপ্ত বলেন, "গাছে পেরেক পুঁতে পোস্টার লাগালে গাছের ক্ষতি হয়। আমরা বিষয়টি খোঁজ নিয়ে দেখবো। পদক্ষেপ নেওয়া হবে এর বিরুদ্ধে।"

# পুজো দিতে গিয়ে দুর্ঘটনার কবলে



অত্রি চক্রবর্তী, পূর্বস্থলী: পূর্বস্থলীর জ্বালুইডাঙ্গা থেকে নদীয়ার নৃসিংহপুর ঠাকুরতলা এলাকায় টোটো করে পুজো দিতে যাওয়ার পথে অপরদিক থেকে আসা একটি বেপরোয়া গতিতে থাকা বাইকের ধাক্কায় টোটো উল্টে জখম সাত জন।ঘটনাটি ঘটেছে এদিন শুক্রবার পূর্বস্থলী এক নম্বর ব্লকের নিমতলা ফুটবল ময়দান সংলগ্ন এলাকায়। প্রথমে জখম ব্যক্তিদের শ্রীরামপুর গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়ার পর চিকিৎসকেরা তাদেরকে কালনা মহকুমা হাসপাতালে স্থানান্তরিত করে। দুজন বাচ্চা সমেত মোট পাঁচজন আহত হয়েছেন। ঘটনাস্থল থেকে মোটরবাইক চালক পলাতক হয়ে যায় বলে অভিযোগে আহত ব্যক্তিদের। এ প্রসঙ্গে কালনা মহকুমা হাসপাতালে ভর্তি থাকা আহত ঝুমা দাস এদিন বেলা দেড়টা নাগাদ বলেন, সকালে যাচ্ছিলাম পুজো দিতে আর সেই সময় ঘটে এই দুর্ঘটনা।

## হ্যান্সি ক্রোনিয়ের মৃত্যুর স্মৃতি

এক পাতার পর

কিন্তু এক ম্যাচগড়াপেটা কেলেঙ্কারিতে তাঁর কেরিয়ার শেষ হয়ে যায় এবং কয়েক বছরের মধ্যেই তাঁর জীবনেরও।

১৯৯২ সালে আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেক হয়েছিল ক্রোনিয়ের। মাত্র ২১ বছর বয়সেই দক্ষিণ আফ্রিকার অধিনায়ক হন তিনি এবং অসাধারণ নেতৃত্বে দলকে সাফল্যের শিখরে নিয়ে যান। ভারত সফরে এসেই ইতিহাস গড়েছিলেন। তাঁর নেতৃত্বে দক্ষিণ আফ্রিকা ২-০ ব্যবধানে সিরিজ জিতে নেয়।

তবে ২০০০ সালে সব কিছু বদলে যায়। ম্যাচ গড়াপেটার অভিযোগ ওঠে হ্যান্সির বিরুদ্ধে। দিল্লি পুলিশ এক টেপ রেকর্ডিং প্রকাশ করে এবং অভিযোগ প্রমাণিত হলে দক্ষিণ আফ্রিকা ক্রিকেট বোর্ড তাঁকে আজীবন নির্বাসিত করে। তদন্তে উঠে আসে, ভারত সফরের একটি টেস্ট ম্যাচে তিনি ৩০ হাজার ডলারের বিনিময়ে ম্যাচ গড়াপেটায় যুক্ত ছিলেন। এই কলঙ্কময় অধ্যায়ের মাত্র দুই বছর পর ২০০২ সালে একটি বিমান দুর্ঘটনায় মৃত্যুবরণ করেন হ্যান্সি ক্রোনিয়ে। রিপোর্ট অনুযায়ী, বিমানটি পাহাড়ি এলাকায় বিধ্বস্ত হয়। তবে তাঁর মৃত্যুকে ঘিরে আজও একাধিক প্রশ্ন রয়ে গেছে, যা রহস্যই থেকে গেছে।

আজ, আহমেদাবাদের এই মর্মান্তিক দুর্ঘটনার খবরে ক্রিকেটপ্রেমীদের মনে ফের ভেসে উঠছে সেই একই শোকের ছবি—হ্যান্সি ক্রোনিয়ের আকস্মিক মৃত্যু ও অকালপ্রয়াণ।

# অবৈধ বালি পাচার ও চোলাই মদ বিক্রির বিরুদ্ধে অভিযান, মেমারিতে

খোঁজখবর, কৃষ্ণ সাহা, পূর্ব বর্ধমান:- অবৈধ বালি পাচার ও বেআইনি মদ বিক্রির বিরুদ্ধে কড়া পদক্ষেপ নিল মেমারি থানার পুলিশ। বৃহস্পতিবার রাতে মেমারি থানার চেকপোস্ট এলাকায় অভিযান চালিয়ে একটি ১৬ চাকার বালি বোঝাই গাড়ি সহ মনোজ সাউ নামে এক ব্যক্তিকে আটক করা হয়। ধৃতের বয়স আনুমানিক ৩৫ বছর, বাড়ি মগরা থানার অন্তর্গত বলে জানা গিয়েছে। পুলিশ সূত্রে খবর, ধৃত মনোজকে নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে শুক্রবার বর্ধমান আদালতে পেশ করা হয়েছে। তার তিন দিনের পুলিশ হেফাজতের আবেদনও করা হয়েছে।

অন্যদিকে, বৃহস্পতিবার রাতে পৃথক অভিযানে বেআইনি চোলাই মদ বিক্রির অভিযোগে তিনজনকে আটক করেছে পুলিশ। ধৃতরা হলেন— সুকুমার প্রামাণিক (৫১), নান্না গ্রাম, শিবু রুইদাস (৩৫), খাড়গ্রাম, সুমিত সাধুখান (২৫), দেবীপুর ঝিকরা, খাড়গ্রাম ও নদিপুর এলাকায় অভিযান চালিয়ে ওই তিনজনকে গ্রেফতার করা হয়। অভিযানে মোট ৬০ লিটার চোলাই মদ বাজেয়াপ্ত করা হয়েছে। পাশাপাশি বিপুল পরিমাণে মদ তৈরির উপকরণও নষ্ট করা হয়েছে।

ঘটনাগুলির ভিত্তিতে আবগারি আইনের নির্দিষ্ট ধারায় পৃথক তিনটি মামলা রুজু করেছে মেমারি থানার পুলিশ। ধৃতদের শুক্রবার ১৩ই জুন আদালতে তোলা হবে বলে জানানো হয়েছে।

## তৃনমূল নেতার দাদাগিরি

এক পাতার পর

ছেলের দুই পায়ে কালশিটে দাগ পড়েছে। স্বাভাবিক ভাবেই এই ঘটনায় শাসক বিরোধী তরজা শুরু হয়েছে। বিজেপি নেতা দেবজ্যোতি সিংহ রায় বলেন, তৃণমূল মানেই আইন হাতে তুলে নেবার অধিকার আছে।তাই হয়েছে এখানে প্রশাসনের উচিত অভিযুক্তকে উপযুক্ত শাস্তি দেওয়া। জেলা তৃণমূল কংগ্রেসের মুখপাত্র প্রসেনজিৎ দাস জানান, ঘটনা অমানবিক। কিন্তু এর সঙ্গে রাজনীতির কি সম্পর্ক আছে। আমরাও চাই এই অমানবিক ঘটনার জন্য অভিযুক্তর শাস্তি হোক।জানা গেছে,মাস ছয়েক আগে ৪৯ নম্বর বুথ সভাপতির মৃত্যু হয়।তারপর থেকে সুব্রত গঙ্গোপাধ্যায়কে মৌলিক ভাবে ওই বুথের দায়িত্ব দেওয়া হয়। অভিযুক্ত সুব্রত গঙ্গোপাধ্যায়কে শুক্রবার বর্ধমান আদালতে পেশ করা হয়।

## মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে কুরুচিকরপূর্ণ পোস্ট

এক পাতার পর

দেওয়া হয়েছে।

এটা শুধু হুগলি জেলা নয় রাজ্য দেশ তথা বিদেশেও অনেকে দেখেছেন।তাই ওই ব্যক্তির বিরুদ্ধে মামলা দায়ের করেছি।এই মামলায় সর্বোচ্চ দু বছর পর্যন্ত কারাদণ্ড হতে পারে অথবা জরিমানা,অথবা দুটোই হতে পারে।

অভিযুক্ত ভূপাল ঘোষ জানান আদালত তাকে জামিন দিয়েছে।একটি বেসরকারি সংস্থায় কাজ করেন তিনি।তার দাবি রাজ্যের সামগ্রিক যা অবস্থা চলছে তারই পরিপ্রেক্ষিতে তিনি এই পোস্ট করেছেন কিছুটা অবসাদগ্রস্ত হয়েই।তার আরো দাবি তিনি কোনো রাজনৈতিক দল করেন না।একজন সাধারন মানুষ।আগামী দিনে এই ধরনের কাজ থেকে বিরত থাকবেন বলে প্রতিশ্রুতি দিয়েছেন ভূপাল ঘোষ।

দৈনিক খোঁজখবর
বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন - 9775728465

# বিষ খেয়ে আত্মঘাতী একাদশ শ্রেণির ছাত্রী, মৃত্যু বর্ধমান মেডিকেল কলেজে চিকিৎসাধীন অবস্থায়




পরিবারে অশান্তির জেরে বিষ খেয়ে আত্মঘাতী হল একাদশ শ্রেণির এক ছাত্রী। মৃত ছাত্রীর নাম ঋতুশ্রী পাল (বয়স ১৭)। সে সোনামুখী হাইস্কুলের একাদশ শ্রেণির বিজ্ঞান বিভাগের ছাত্রী ছিল। ঘটনায় শোকের ছায়া নেমেছে সোনামুখী থানার কাশিপুর গ্রামে।

ঘটনার সূত্রপাত হয় বুধবার। মৃতার মা সমাপ্তি পাল জানান, সেদিন তাঁর স্বামী তথা ঋতুশ্রীর বাবার সঙ্গে তীব্র অশান্তি হয়। সেই দৃশ্য সহ্য করতে না পেরে ঋতুশ্রী বাড়িতে মজুত কৃষিকাজে ব্যবহৃত বিষ খেয়ে নেয়।

পরিবারের সদস্যরা বিষপানের কথা জানামাত্রই প্রথমে তাকে সোনামুখী হাসপাতালে নিয়ে যান। পরে কাকরডাঙ্গা হাসপাতাল ঘুরে আশঙ্কাজনক অবস্থায় ভর্তি করা হয় বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে। চিকিৎসা চলাকালীন শুক্রবার ঋতুশ্রীর মৃত্যু হয়। খবর পেয়ে বর্ধমান থানার পুলিশ দেহটি ময়নাতদন্তের জন্য পাঠায় এবং এরপর তা পরিবারের হাতে তুলে দেওয়া হয়।

এক তরতাজা কিশোরীর এমন করুণ পরিণতিতে শোকস্তব্ধ পরিবার এবং স্থানীয়রা। মেয়েটির অকাল মৃত্যু ঘিরে মন খারাপ এলাকার শিক্ষক, পড়ুয়া ও প্রতিবেশীদের। ঘটনার তদন্তে নেমেছে পুলিশ।

# শালবনী সুপার স্পেশালিটি হাসপাতালে তিন বছর পরে শুরু হল ইউ এস জি পরীক্ষার পরিষেবা




খোঁজখবর, কল্যাণ মন্ডল , শালবনী, পশ্চিম মেদিনীপুর : পশ্চিম মেদিনীপুর জেলার শালবনী সুপার স্পেশালিটি হাসপাতালে তিন বছর পরে শুরু হল ইউএসজি পরিষেবা। খুশি এলাকার মানুষজন। এলাকার মানুষের দীর্ঘদিনের দাবি মেনে বৃহস্পতিবার দিন সালবনি সুপার স্পেশালিটি হাসপাতালে শুরু হয়েছে ইউএসজি পরিষেবা। হাসপাতাল কর্তৃপক্ষকে ধন্যবাদ জানালেন হাসপাতালের কর্মীরা। জানা গিয়েছে দীর্ঘদিন ইউএসজি পরিষেবা বন্ধ ছিল আর তাতেই অসুবিধায় পড়তে হচ্ছিল জনসাধারণকে। দীর্ঘদিন এই পরিষেবা বন্ধ ছিল রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের স্বপ্নের সুপার স্পেশালিটি হাসপাতাল শালবনীতে। দীর্ঘদিন ধরে এলাকাবাসী হসপিটালের কর্মীদের দাবি ছিল এই পরিষেবা চালু করার। অবশেষে সাধারণ মানুষের দাবি মেনে এই পরিষেবা চালু করায় খুশি সকলেই। হাসপাতাল কর্তৃপক্ষ সহ জেলা পুলিশ সুপার জেলাশাসক ও স্বাস্থ্য দপ্তরের আধিকারিক দের ধন্যবাদ জানিয়েছেন ওই হাসপাতালে কর্মরত কর্মীরা। প্রসঙ্গত ২০২২ সাল থেকে প্রায় তিন বছর মেদিনীপুর জেলার শালবনী সুপার স্পেশালিটি হাসপাতালে বন্ধ ছিল এই পরিষেবা। চলতি সপ্তাহে বুধবার ও বৃহস্পতিবার বিনামূল্যে এই পরিষেবা পাবেন রোগীরা। আর তাতেই খুশির হাওয়া।

# প্রতারিতের টাকা ফেরাল পুলিশ! সাইবার জালিয়াতি ঠেকাতে তৎপর কোতুলপুর থানার পুলিশ

খোঁজখবর : বলরাম চক্রবর্তী, কোতুলপুর — প্রতারকদের ফাঁদে পড়েও শেষ পর্যন্ত নিজের হারানো টাকা ফিরে পেলেন কোতুলপুর থানার এক বাসিন্দা। বাঁকুড়ার কোতুলপুর থানার দারাপুর এলাকার বাসিন্দা, পেশায় গৃহশিক্ষক জয়ন্ত ব্যানার্জি সম্প্রতি এক সাইবার প্রতারণার শিকার হন।

সূত্রের খবর, ১৫ মার্চ ২০২৫ তারিখে একটি বেসরকারি ঋণ প্রদানকারী সংস্থা থেকে ঋণ নিয়েছিলেন তিনি। সেই ঋণ পরিশোধ করার জন্য তাঁর মোবাইলে একটি ফোন আসে। ফোনে নির্দেশ অনুযায়ী তিনি একটি মোবাইল অ্যাপসের মাধ্যমে ২৪,৮৮৯ টাকা পরিশোধ করেন। কিন্তু কিছুক্ষণের মধ্যেই তিনি বুঝতে পারেন এটি একটি প্রতারণার ঘটনা।

তৎক্ষণাৎ তিনি বিলম্ব না করে মুম্বই, মহারাষ্ট্র, দিল্লি এবং কলকাতার সাইবার সেলে অভিযোগ দায়ের করেন। কলকাতা সাইবার সেল থেকে বিষয়টি কোতুলপুর থানায় ফরওয়ার্ড করা হয়। এরপর তদন্তে নামেন থানার দক্ষ অফিসার সায়ন বাবু ও ভারপ্রাপ্ত আধিকারিক বিন্দেশ্বর গোড়াই।

তাঁদের দক্ষতা ও প্রযুক্তির সঠিক ব্যবহারের মাধ্যমে পুরো টাকা উদ্ধার করতে সক্ষম হন তাঁরা। অবশেষে প্রতারিত জয়ন্ত বাবুর অ্যাকাউন্টে সম্পূর্ণ টাকা ফিরিয়ে দেওয়া হয়।

এ প্রসঙ্গে বাঁকুড়া জেলা পুলিশের এক উচ্চপদস্থ কর্তা বলেন, "পুলিশ বারবার সাধারণ মানুষকে সতর্ক করলেও এখনো অনেকেই প্রতারকদের ফাঁদে পা দিচ্ছেন। অচেনা নম্বর বা মোবাইল অ্যাপের মাধ্যমে প্রলোভন দেখালে কেউ যেন সেই প্রলোভনে না পড়েন। সন্দেহজনক কিছু মনে হলে সঙ্গে সঙ্গে নিকটবর্তী থানায় বা সাইবার সেলে যোগাযোগ করুন।" সতর্ক থাকুন, সুরক্ষিত থাকুন — প্রতারকদের হাত থেকে বাঁচার এটাই একমাত্র পথ।

# আট লক্ষ টাকা মুক্তিপণ চেয়ে যুবক কে অপহরণ, আট ঘন্টার মধ্যে গ্রেপ্তার চার

হুগলী:সোনার কাজের প্রলোভন দেখিয়ে এক যুবককে অপহরণ করে ৮ লক্ষ টাকা মুক্তিপন দাবি করে দুষ্কৃতীরা।অভিযোগ পেয়ে তদন্তে নেমে চার অভিযুক্তকে গ্রেফতার করল সিঙ্গুর থানা পুলিশ।পুলিশ আরো জানিয়েছে অপহরণের ঘটনায় আরো দুজন অভিযুক্ত আছে যাদের খোঁজ তল্লাসী চালাচ্ছে পুলিশ।

হুগলী জেলা গ্রামীন অতিরিক্ত পুলিশ সুপার কৃষানু রায় জানিয়েছেন , সিঙ্গুরের কামারকুন্ডু হোসেনপুর নিবাসী সাহেনারা বেগম বৃহস্পতিবার রাত সাড়ে ৯টা নাগাদ সিঙ্গুর থানায় একটি অভিযোগ দায়ের করেন যে, তার ছেলে শেখ মাফুজকে অপহরণ করা হয়েছে এবং একটি ফোন থেকে ৮ লক্ষ টাকা মুক্তিপন চেয়ে ফোন এসেছে। অভিযোগ পেয়ে একাধিক ধারায় মামলা রুজু করে তদন্তে নামে পুলিশ। এবং যে মোবাইল থেকে ফোন এসেছিল সেটি ট্যাক করা শুরু করা হয়। হরিপাল থানায় মোবাইলের লোকেশন পাওয়া যায়। সেই মতো সিঙ্গুর থানা হরিপাল থানার সহযোগীতায় হরিপালের কামারজপুর



এলাকায় পৌঁছায়। এবং একটি মাঠের ধার থেকে অপহৃত শেখ মাফুজকে উদ্ধার করে। পাশাপাশি অপহরন কান্ডে জড়িত ৪জনকে সেখান থেকে গ্রেফতার করে। সেখান থেকেএকটি মোটর বাইক ও উদ্ধার করে পুলিশ। অভিযুক্তদের শুক্রবার চন্দন নগর মহকুমা আদালতে পেশ করা হলে পাঁচ দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দিয়েছে আদালত।

পুলিশ আধিকারিকরা আরো জানিয়েছেন, অভিযুক্তরা অপহৃত শেখ মাফুজের পূর্ব পরিচিত। সোনার কাজের প্রলোভন দেখিয়ে তাকে হরিপালের গজারমোর এলাকায় ডেকে নিয়ে যাওয়া হয়। তারপর সেখান থেকে তাকে অপহরন করে হরিপালের কামারজপুর এলাকায় একটা নির্জন জায়গায় নিয়ে গিয়ে লুকিয়ে রেখে অভিযুক্তরা। সেখানে থেকে তাকে উদ্ধার করা হয়। ঘটনায় আরো দুজন জড়িত আছে বলে জানা গেছে, তাদের খোঁজে তল্লাশি চলছে।।

ধৃতরা হলেন, শেখ শরিফ, শেখ নৈঈম,শেখ জাহাঙ্গীর, শেখ হালিম । এদের প্রত্যেকের বাড়ি হরিপাল থানা এলাকায়। অভিযুক্তদের পুরনো কোন ক্রাইম রেকর্ড আছে কি না তা খতিয়ে দেখছে পুলিশ। উল্লেখ্য অপহরন কান্ডে অভিযোগের ৮ ঘন্টার মধ্যে ঘটনার পর্দা ফাঁস করল পুলিশ।

# ফরাক্কায় পুলিসি অভিযানে উদ্ধার দুটি আগ্নেয়াস্ত্র,গ্রেপ্তার ১




নিজস্ব সংবাদদাতা,মুর্শিদাবাদ:মুর্শিদাবাদে আবারো আগ্নেয়াস্ত্র সহ গ্রেপ্তার এক। এবার ফরাক্কার থানার পুলিস দুটি পাইপ গান সহ এক যুবককে গ্রেপ্তার করল। জানা যায়,বৃহস্পতিবার রাতে গোপণ খবরের ভিত্তিতে গোপণে অভিযান চালায় ফরাক্কা থানার পুলিস।এরপর উদ্ধার করে দুটি দেশি পাইপগান এবং এক যুবককে গ্রেপ্তার করে। ধৃত যুবকের নাম বসির সেখ।তার বাড়ি ফরাক্কা থানার ভবানীপুর। ধৃতকে শুক্রবার সাতদিন পুলিস হেফাজত চেয়ে জঙ্গিপুর আদালতে পাঠায় ফরাক্কা থানার পুলিস।

ধৃত যুবক কেন আগ্নেয়াস্ত্র নিয়ে ঘোরাঘুরি করছিল? এরপাশাপাশি এই আগ্নেয়াস্ত্র কোথা থেকে নিয়ে এনেছিল? সেই বিষয়ে বিস্তারিত জানার জন্য তদন্ত শুরু করেছে পুলিস। ফরাক্কা থানার পুলিস জানিয়েছে,বিভিন্ন এলাকায় লাগাতারভাবে আগ্নেয়াস্ত্র উদ্ধারের জন্য অভিযান চালানো হচ্ছে এবং ভবিষ্যতেও এই অভিযান অব্যাহত রাখা হবে।







Owner & published by Sk Jinnar Ali ,on behalf of Khonjkhobor Media Network Pvt ltd . Publish at 1701 Madurdaha, Kolkata-107 , Editor: SK Jinnar Ali , Sub -Editor: Krishna saha.
Email : khonjkhobornews@gmail.com , Contact: 09876641563 / 9775728465